## জাতীয় বীজ বোর্ডের কারিগরি কমিটির ষড়বিংশ/২৬তম সভার কার্যবিবরণী

গত ১২/০১/৯৫ ইং তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ডঃ এম এস ইউ চৌধুরী, চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এবং নির্বাহী সহ-সভাপতি, বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ এর সভাপতিত্বে বিএআরসি সম্মেলন কক্ষে কারিগরি কমিটির ২৬তম সভা অনুষ্ঠিত হয়।

কারিগরি কমিটির উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এ দেয়া হলো। সভায় আলোচিত বিষয়ের বিবরণ ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নে উল্লেখ করা হলো ।

**আলোচ্য বিষয় -১ ঃ কারিগরি কমিটির ২৫ তম সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

বীজ প্রত্যয়ন এজেন্সীর ১৪/০৭/৯৪ ইং তারিখের ৮৭৭ (১৬) নং স্মারকে কারিগরি কমিটি, জাতীয় বীজবোর্ড, এর ২৫তম সভার কার্যবিবরণী কমিটির সকল সদস্যদের নিকট বিতরণ করা হয়। এ সভায় কারিগরি কমিটি কার্যবিবরণীর ২ (গ) সিদ্ধান্ত এর বিষয়ে দ্বিমত করে তিনি মূল্যায়ন ছক পত্রের পরিবর্তে জাত ছাড়করণের ছক পত্রের ১ম অংশ পূরণ ও কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের সিদ্ধান্ত হয়েছিল বলে উল্লেখ করেছেন। এ ছাড়া অন্য কোন আপত্তি/মন্তব্য অদ্যাবধি পাওয়া যায়নি। মূল্যায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এতে অংশগ্রহণ করে ডঃ নাসির উদ্দিন বলেন যে মূল্যায়ন টিমের নেতার দায়িত্ব সদস্য-পরিচালক (শস্য), বিএআরসি কে দেয়া হলে কাজের সুবিধা হবে এবং মূল্যায়নের ছক পত্র অনুযায়ী তিন ধাপে মূল্যায়নের পরিবর্তে এক ধাপেই করতে হবে। অন্যথায় মূল্যায়ন কার্য্যক্রম ম্যানেজ করা কঠিন হবে। বর্তমান দলনেতা জনাব মোঃ এনামুল হক বলেন মূল্যায়নের কাজটি বীজ প্রত্যয়ন এজেন্সীর একক দায়িত্ব থাকলেই সবচেয়ে ভাল হবে। আলোচনায় অনেক সম্মানিত সদস্য অভিমত পোষণ করেন যে আপাতত তিন ধাপেই মূল্যায়ন কাজ চালিয়ে যেতে হবে এবং অসুবিধা হলে পরে দেখা যাবে।

**সিদ্ধান্ত ঃ**

ক) মূল্যায়ন ছকপত্র বলবৎ রাখা হলো এবং ২৫তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

খ) সদস্য-পরিচালক (শস্য), বিএআরসি কে কারিগরি কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করার সুপারিশ জাতীয় বীজ বোর্ডকে করা হলো।

**আলোচ্য বিষয়-২ ঃ কারিগরি কমিটির বিশেষ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।**

বীজ প্রত্যয়ন এজেন্সী ৬/১২/৯৪ইং তারিখের ১৫৭৪ (১৫) নং স্মারকে কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর বিশেষ সভার কার্যবিবরণী কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। কারিগরি কমিটির সদস্য-সচিব এ সভায় জানান যে অদ্যাবধি কার্যবিবরণীর ওপর কোন সদস্যের নিকট থেকে মন্তব্য বা আপত্তি পাওয়া যায়নি। কোন সদস্যের কোন বক্তব্য না থাকায় কার্যবিবরণী সঠিকভাবে রেকর্ড করা হয়েছে বলে সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত** ঃ কারিগরি কমিটির বিশেষ সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।

**আলোচ্য বিষয়-৩ ঃ কারিগরি কমিটির ২৫তম ও বিশেষ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন।**

কারিগরি কমিটির ২৫তম ও বিশেষ সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতির বিবরণ সদস্য-সচিব সভায় পড়ে শুনান। চেয়ারম্যান মহোদয় সিদ্ধান্তগুলো বাস্তবায়নের অগ্রগতির ওপর সদস্যদের মতামত আহ্বান করেন। সদস্যগণ এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

**সিদ্ধান্ত ঃ**

ক) জাতীয় বীজ বোর্ড কর্তৃক সুপরিশকৃত ৯টি ফসলের ২০টি জাতের মধ্যে ৮টি ফসলের ১৯টি জাত অনুমোদন করায় সভায় সকল সদস্য সন্তোষ প্রকাশ করেন।

খ) সয়াবীনের সুপরিশকৃত জাতটির মূল্যায়ন প্রতিবেদন মূল্যায়ন টিমের নেতার নিকট থেকে পাওয়া গেলে জাতটি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডকে পুনরায় সুপারিশ করা হবে।

গ) এ সভায় ধানের আবাদের স্ট্যাটাস নির্ণয় কমিটিকে ধানের আবাদের স্ট্যাটাস রিপোর্ট পরবর্তী সভায় আলোচনার জন্য দাখিলের অনুরোধ পুনরায় করা হলো এবং কমিটিতে বিএআরআই এর একজন সদস্য অন্তর্ভুক্ত করতে আহ্বায়ক অনুরোধ করা হলো।

ঘ) বীজ লটের সাইজ ও পরীক্ষাগারে বিজাত নির্ণয়ের পদ্ধতি নির্ধারণ কমিটির মিটিং এর সিদ্ধান্ত যথোপযুক্ত হয়েছে বলে বিবেচনা করা হয়।

ঙ) বীজ মান পুনঃনির্ধারণ কমিটিকে পরবর্তী সভার আলোচনার জন্য প্রতিবেদন দাখিলের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

চ) কৃষক সংগঠন হিসেবে সুনির্দিষ্ট কিছু না থাকায় কারিগরি কমিটিতে কৃষক সংগঠনের প্রতিনিধির পদটি বাদ দেয়ার সুপারিশ জাতীয় বীজ বোর্ডকে করা হলো।

ছ) বিদেশী আলুর জাত ছাড়করণের পদ্ধতি সংক্ষিপ্তকরণের Revised Procedure of Potato Variety Evaluation System in Bangladesh: Exotic and Locally Developed পদ্ধতিটি কারিগরি কমিটির বিশেষ সভার সিদ্ধান্ত অনুযায়ী বীজ উইং, কৃষি মন্ত্রণালয়ে সদস্য-সচিব প্রেরণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

**আলোচ্য বিষয়-৪ ঃ ফসলের জাত ছাড়করণ।**

৪.১ বাংলাদেশ ইক্ষু গবেষণা ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান কর্তৃক উদ্ভাবিত আখের দু'টি প্রস্তাবিত জাত যথা-এসআরটিআই আখ-২৬ ও এসআরটিআই আখ-২৭ এর গুণাবলী সদস্যগণ পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত ঃ** এসআরটিআই আখ-২৬ ও এসআরটিআই আখ-২৭ নামে জাত দু'টি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডকে সুপারিশ করা হলো।

৪.২ ইনস্টিটিউট অব পোষ্ট গ্র্যাজুয়েট ষ্টাডিজ ইন এগ্রিকালচার (ইপসা) কর্তৃক উদ্ভাবিত ইপসা পেয়ারা-১ এর গুণাবলি পর্যালোচনা পূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত ঃ** ইপসা পেয়ারা-১ নামে জাতটি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ডকে সুপারিশ করা হলো।

**আলোচ্য বিষয়-৫ঃ কারিগরি কমিটিতে চাষী সংগঠনের প্রতিনিধি নির্বাচন।**

কারিগরি কমিটির ২৫তম সভার ৪.২ সিদ্ধান্ত সভায় বিশদভাবে আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত ঃ** কারিগরি কমিটির ২৫তম সভার ৪.২ সিদ্ধান্তটি বাতিল করা হলো।

**আলোচ্য বিষয়-৬ ঃ মূল্যায়ন টিমের কার্যক্রম।**

মূল্যায়ন টিম, কারিগরি কমিটি এর নেতার নিকট থেকে সময়মত প্রতিবেদন না পাওয়ায় নিয়মানুযায়ী মূল্যায়ন কাজ সমাধান না হওয়ার বিষয়ে অনেক সদস্যই সভাকে অবহিত করেন। সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত হয়।

**সিদ্ধান্ত ঃ** মূল্যায়ন টিমের নেতাকে উক্ত বিষয়ে কার্যকরি ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় চেয়ারম্যান মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বা-
(মোঃ মোসলেহ উদ্দিন)
সদস্য-সচিব
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড
ও পরিচালক (চঃ দাঃ)
বীজ প্রত্যয়ন এজেন্সী।

স্বা-
(ডঃ এম এস ইউ চৌধুরী)
চেয়ারম্যান
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড
ও নির্বাহী সহ-সভাপতি
বাংলাদেশ কৃষি গবেষণা পরিষদ।

(পরিশিষ্ট-ক)

১২/১/১৯৯৫ ইং তারিখে অনুষ্ঠিত কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর ২৬তম সভায় উপস্থিত সদস্যদের নাম, পদবী ও প্রতিষ্ঠানের নাম ঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|
| ১। | শেখ মোঃ এরফান আলী<br>পরিচালক | এসআরটিআই |
| ২। | সাদেকা আরংজেব<br>পরিচালক (ভারপ্রাপ্ত) | বিজেআরআই |
| ৩। | মোঃ জালাল উদ্দিন,<br>উপ-পরিচালক, এসটিএল<br>পক্ষে/ মহা-ব্যবস্থাপক | বিএডিসি |
| ৪। | লুৎফর রহমান, প্রফেসর | বাকৃবি |
| ৫। | আনোয়ারুল হক | এসএসবি |
| ৬। | মোঃ নাসির উদ্দিন<br>পরিচালক (গবেষণা) | বি আর আর আই |
| ৭। | এম এনামুল হক<br>অতিরিক্ত পরিচালক (সরেজমিন) | ডিএই |
| ৮। | এফ এইচ রিকাবদার | তুলা উন্নয়ন বোর্ড |
| ৯। | ডঃ আইয়ুবুর রহমান চৌধুরী | ইপসা |